

সুপ্রান্তর

প্রিন্ট: ১৯ ফেব্রুয়ারি ২০২৬, ০৯:৫৭ এএম

শিক্ষাঙ্গন

ঢাবিতে ছাত্রদলের গোলাপ বিতরণ, প্রধানমন্ত্রী তারেক রহমানকে অভিনন্দন

Advertisement



হাজারীবাগ (ঢাকা) প্রতিনিধি

প্রকাশ: ১৮ ফেব্রুয়ারি ২০২৬, ১১:২১ পিএম



ছবি-সংগৃহীত

বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) চেয়ারম্যান ও প্রধানমন্ত্রী তারেক রহমান-কে অভিনন্দন জানিয়ে বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে শিক্ষার্থীদের মাঝে গোলাপ ফুল বিতরণ করেছে। বুধবার (১৮ জানুয়ারি) বিকেলে বিএনপি সরকার গঠন এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক শিক্ষার্থী তারেক রহমান প্রধানমন্ত্রী হওয়াকে কেন্দ্র করে সংগঠনটির উদ্যোগে এ কর্মসূচি পালন করা হয়।

কর্মসূচির নেতৃত্ব দেন বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল কেন্দ্রীয় সংসদের তথ্য ও গবেষণা সম্পাদক মাহমুদ ইসলাম কাজল। এ সময় ক্যাম্পাসের বিভিন্ন অনুষ্ণদ ও গুরুত্বপূর্ণ স্থানে শিক্ষার্থীদের হাতে গোলাপ তুলে দেন সংগঠনটির নেতাকর্মীরা। পাশাপাশি শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করতে দেখা যায় তাদের।

কর্মসূচিতে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রদলের রুবেল পারভেজ, জারিফ রহমান, শাকিকুল সাগর, তানভীর ইসলাম, চিন্ময় রায়, মাহফুজ আলী, মুক্ত ও মিরাজসহ সংগঠনের আরও বেশ কয়েকজন নেতাকর্মী।